গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**নির্বাহী প্রকৌশলী, সওজ এর কার্যালয়**

সড়ক বিভাগ, খুলনা।

টেলিফোন নং-০২-৪৪১১০৮৬৮

মোবাইল নং-০১৭৩০-৭৮২৭৫৬

ই-মেইল-eekhu@rhd.gov.bd

**স্মারক নং-৩৫.০১.৪৭৫১.৪৩৬.১৬.০০১.২৬.৮৭** **তারিখঃ-০৯-০৭-২০২৬খ্রিঃ।**

## "সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) ঠিকাদার তালিকাভুক্তি/ লাইসেন্স নবায়ন বিজ্ঞপ্তি"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সড়ক বিভাগ, খুলনা কর্তৃক পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা (পিপিআর)-২০২৫ এর আলোকে সড়ক ও জনপথ অধিদপ্তরের পরিচালন (রাজস্ব) বাজেটের আওতায় সীমিত দরপত্র (LTM) প্রয়োগের মাধ্যমে ক্রয়কার্য সম্পাদনের লক্ষ্যে ২০২৬-২০২৭ অর্থবছরের জন্য তালিকাভুক্তি/লাইসেন্স নবায়ন করা হবে। ঠিকাদার তালিকাভুক্তির জন্য বিপিপিএ কর্তৃক নির্ধারিত আবেদন ফরম অত্র দপ্তর হতে নিম্নোক্ত সময়সূচি মোতাবেক অফিস চলাকালীন সংগ্রহ করা যাবে।

### ছক-১

| বিবরণ | প্রতিষ্ঠানের ধরণ | নবায়ন ফি | ভ্যাট ১৫% | বিনা জরিমানায় নবায়নের সময়সীমা | ৫০% জরিমানায় নবায়নের সময়সীমা | ১০০% জরিমানায় নবায়নের সময়সীমা |
|---|---|---|---|---|---|---|
| ঠিকাদারী লাইসেন্স নবায়ন | | ২০০০.০০ | ৩০০.০০ | ০৯-০৭-২০২৬খ্রিঃ হতে ৩১-০৮-২০২৬খ্রিঃ পর্যন্ত | ০১-০৯-২০২৬খ্রিঃ হতে ৩০-০৯-২০২৬খ্রিঃ পর্যন্ত | ০১-১০-২০২৬খ্রিঃ হতে ২৯-১০-২০২৬খ্রিঃ পর্যন্ত |
| | একক মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী নারী হলে | ১৫০০.০০ | ২২৫.০০ | | | |

### ছক-২

| বিবরণ | প্রতিষ্ঠানের ধরণ | তালিকাভুক্তি ফরমের মূল্য | তালিকাভুক্তি ফরমের উপর ভ্যাট ১৫% | তালিকাভুক্তি ফি | ভ্যাট ১৫% | তালিকাভুক্তি ফরম সংগ্রহ ও জমা প্রদানের সময়সীমা |
|---|---|---|---|---|---|---|
| ঠিকাদারী তালিকাভুক্তি | | ১০০০.০০ | ১৫০.০০ | ৫০০০.০০ | ৭৫০.০০ | ০৯-০৭-২০২৬খ্রিঃ হতে ৩১-০৮-২০২৬খ্রিঃ পর্যন্ত |
| | একক মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী নারী হলে | ১০০০.০০ | ১৫০.০০ | ৩০০০.০০ | ৪৫০.০০ | |

শর্তাবলীঃ

১। ২০২৬-২০২৭ অর্থ বছরের লাইসেন্স নবায়নের জন্য অত্র দপ্তরের হিসাব শাখায় লাইসেন্স নবায়ন ফি ও ভ্যাট জমা পূর্বক মানি রশিদ সংগ্রহ করতে হবে।

২। ঠিকাদার তালিকাভুক্তির জন্য ১০০০.০০ (এক হাজার) টাকা + ১৫% ভ্যাটসহ সর্বমোট ১১৫০.০০ (এক হাজার একশত পঞ্চাশ) টাকা মূল্যের তালিকাভুক্তি ফরম অত্র অফিস হতে সংগ্রহ পূর্বক ফরমে উল্লেখিত সকল শর্তাবলী পূরণ করে দাখিল করতে হবে। তালিকাভুক্তি কমিটি কর্তৃক যাচাই-বাছাই অন্তে উত্তীর্ণ ব্যক্তি/প্রতিষ্ঠানের তালিকাভুক্তি ফি গ্রহণ পূর্বক ঠিকাদার তালিকাভুক্ত করা হবে।

৩। নির্ধারিত তারিখের পরে কোনক্রমে ঠিকাদারী লাইসেন্স নবায়ন/তালিকাভুক্তি ফি গ্রহণ করা হবে না।

৪। লাইসেন্স নবায়নের ক্ষেত্রে শুধুমাত্র ২০২৫-২০২৬ অর্থ বছরে নবায়নকৃত লাইসেন্স বহি ২০২৬-২০২৭ অর্থ বছরে নবায়ন করা হবে।

৫। ঠিকাদারী লাইসেন্স নবায়ন/তালিকাভুক্তির ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

12-07-26

(মোঃ তানিমুল হক)
পরিচিতি নং-৬০২২৩১
নির্বাহী প্রকৌশলী, সওজ
সড়ক বিভাগ, খুলনা।